

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০১]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৫: আমানত আদায় করার গুরুত্ব

بَابُ الْأَمْرِ بِأَدَاءِ الْأَمَانَةِ (25)

আরবী

وَعَن حُذَيْفَةَ وَأَبِي هُرَيرَةَ رَضِيَ الله عَنهُمَا، قَالاً: قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم:
«يَجمَعُ اللهُ تَبَارِكَ وَتَعَالَى النَّاسَ فَيَقُومُ المُؤْمِنُونَ حَتَّى تُزُلُفَ لَهُمُ الجَنَّةُ، فَيَاتُونَ آدَمَ
صَلَواتُ اللهِ عَلَيهِ، فَيقُولُونَ: يَا أَبَانَا اسْتَفْتِحْ لَنَا الجَنَّةِ، فَيقُولُ: وَهَلْ أَخْرَجَكُمْ مِنَ
الجَنَّةِ إِلاَّ خَطينَةُ أَبِيكُمْ! لَسْتُ بِصَاحِبِ ذِلِكَ، انْهَبُوا إِلَى ابْنِي إِبْراهيمَ خَلِيل اللهِ. قَالَ:
فَيَأْتُونَ إِبرَاهِيمَ فَيَقُولُ إِبراهيم : لَسْتُ بِصَاحِبِ ذِلِكَ إِنَّمَا كُنْتُ خَليلاً مِنْ وَرَاءَ وَرَاءَ،
فَيَأْتُونَ إِبرَاهِيمَ فَيَقُولُ إِبراهيم : لَسْتُ بِصَاحِبِ ذَلِكَ إِنَّمَا كُنْتُ خَليلاً مِنْ وَرَاءَ وَرَاءَ،
فَيَاتُونَ إِبرَاهِيمَ فَيَقُولُ : الستُ بِصَاحِب ذَلِكَ إِنَّمَا كُنْتُ خَليلاً مِنْ وَرَاءَ وَرَاءَ،
اعْمَدُوا إِلَى مُوسَى الَّذِي كَلَّمَةُ الله وَرُوحِه، فيقول عيسى : لستُ بصاحب ذلِكَ، فَيَأْتُونَ
مُحَمَّداً صلى الله عليه وسلم فَيَقُومُ فَيُؤُذَنُ لَهُ، وتُرْسَلُ الأَمَانَةُ وَالرَّحِمُ فَيَقُومانِ جَنْبَتَي
مُحَمَّداً صلى الله عليه وسلم فَيَقُومُ فَيُؤُذَنُ لَهُ، وتُرْسَلُ الأَمَانَةُ وَالرَّحِمُ فَيَقُومانِ جَنْبَتَي
مُحَمَّداً صلى الله عليه وسلم فَيَقُومُ فَيُؤُذَنُ لَهُ، وتُرْسَلُ الأَمَانَةُ وَالرَّحِمُ فَيَقُومانِ جَنْبَتَي
مُحَمَّداً صلى الله عليه وسلم فَيَقُومُ فَيُؤُذَنُ لَهُ، وتُرْسَلُ الأَمَانَةُ وَالرَّحِمُ فَيَقُومانِ جَنْبَتَي
الصِّراطِ يَمِيناً وَشِمَالاً فَيَمُرُ وَيَرْجِعُ في طَرْفَةٍ عَيْن، ثُمَّ كَمَرّ الرِيحِ، ثُمَّ كَمَرِ الطَيْرِ، وَشَدِ السَّيراطِ وَمُعَلَى الصَرِاطِ ، يَقُولُ : رَبِّ سَلِّمْ سَلِّمْ، حَتَّى الصِراطِ
كَالْإِيبُ مَعَلَقَةٌ مَامُورَةً بِيعَدِهِ، إِنْ قَعْرَ جَهَامً لَسَبْعُونَ خَرِيفًا السَّيْرَ إِلاَ زَحْفًا، وَفي حَافَتي الصِراطِ
كَلالِيبُ مَعَلَقَةٌ مَامُورَةً بِيعَدِهِ، إِنَّ قَعْرَ جَهَامً لَسَبْعُونَ خَرِيفًا . رواه مسلم

বাংলা

৩/২০৬। হুযাইফাহ ও আবূ হুরাইরাহ (রাদিয়াল্লাহু 'আনহুমা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''বরকতময় মহান আল্লাহ (কিয়ামতের দিন) সকল মানুষকে একত্রিত করবেন। অতঃপর মু'মিনগণ উঠে দাঁড়াবে; এমনকি জান্নাতও তাদের নিকটবর্তী করে দেওয়া হবে। (যার কারণে তাদের জান্নাত



যাওয়ার ইচ্ছা প্রবল হয়ে যাবে)। সুতরাং তারা আদম (আঃ) র নিকট আসবে। অতঃপর বলবে, 'হে আমাদের পিতা! আমাদের জন্য (আল্লাহর কাছে) জান্নাত খুলে দেওয়ার আবেদন করুন।' তিনি বলবেন, '(তোমরা কি জান না যে,) একমাত্র তোমাদের পিতার ভুলই তোমাদেরকে জান্নাত থেকে বহিষ্কার করেছে? সুতরাং আমি এর যোগ্য নই। তোমরা আমার ছেলে ইব্রাহীম খলীলুল্লাহর নিকট যাও।'

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''অতঃপর তারা ইব্রাহীম (আঃ) এর নিকট যাবে।'' ইব্রাহীম (আঃ) বলবেন, 'আমি এর উপযুক্ত নই। আমি আল্লাহর খলীল (বন্ধু) ছিলাম বটে, কিন্তু আমি এত উচ্চ মর্যাদার অধিকারী নই। (অতএব) তোমরা মূসার নিকট যাও, যার সঙ্গে আল্লাহ সরাসরি কথা বলেছেন।' ফলে তারা মূসা (আঃ) এর নিকট যাবে। কিন্তু তিনি বলবেন, 'আমি এর যোগ্য নই। তোমরা আল্লাহর কালেমা ও তাঁর রূহ ঈসার নিকট যাও।' কিন্তু ঈসা (আঃ) ও বলবেন, 'আমি এর উপযুক্ত নই।' অতঃপর তারা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসবে। সূতরাং তিনি দাঁড়াবেন।

অতঃপর তাঁকে (দরজা খোলার) অনুমতি দেওয়া হবে। আর আমানত ও আত্মীয়তার বন্ধনকে ছেড়ে দেওয়া হবে। সুতরাং উভয়ে পুল সিরাত্বের দু'দিকে ডানে ও বামে দাঁড়িয়ে যাবে। অতঃপর তোমাদের প্রথম দল বিদ্যুতের মত গতিতে (অতি দ্রুতবেগে) পুল পার হয়ে যাবে। আমি (আবূ হুরাইরাহ) বললাম, 'আমার পিতা-মাতা আপনার জন্য কুরবান হোক! বিদ্যুতের মত গতিতে পার হওয়ার অর্থ কী?' তিনি বললেন, ''তুমি কি দেখনি যে, বিদ্যুত কিভাবে চোখের পলকে যায় ও আসে?''

অতঃপর (দ্বিতীয় দল) বাতাসের মত গতিতে (পার হবে)। তারপর (পরবর্তী দল) পাখী উড়ার মত এবং মানুষের দৌড়ের মত গতিতে। তাদেরকে তাদের নিজ নিজ আমল (সিরাত্ব) পার করাবে। আর তোমাদের নবী পুল-সিরাতের উপর দাঁড়িয়ে থাকবেন। তিনি বলবেন, "হে প্রভু! বাঁচাও, বাঁচাও!" শেষ পর্যন্ত বান্দাদের আমলসমূহ অক্ষম হয়ে পড়বে। এমনকি কোন কোন ব্যক্তি পাছা ছেঁচড়াতে ছেঁচড়াতে (সিরাত্ব) পার হবে। আর সিরাত্বের দুই পাশে আঁকড়া ঝুলে থাকবে। যাকে ধরার জন্য সে আদিষ্ট তাকে ধরে নেবে। অতঃপর (কিছু লোক) জখম হলেও বেঁচে যাবে। আর কিছু লোককে মুখ থুবড়ে জাহান্নামে ফেলা হবে। সেই সন্তার কসম, যার হাতে আবৃ হুরাইরার প্রাণ আছে! নিশ্চয় জাহান্নামের গভীরতা সত্তর বছরের (দূরত্বের পথ)।[1]

English

(25) Chapter: Discharging the Trusts

Hudhaifah and Abu Hurairah (May Allah be pleased with them) reported that they heard Messenger of Allah () saying, "Allah will assemble mankind, and the believers will stand till Jannah will be brought near them. They will then go to Adam () and say, 'O our father, ask (Allah (SWT), that Jannah may be opened for us, but he will reply:

`There was nothing that put you out of Jannah except your father's sin. I am not the one to do that, go to my son Ibrahim (Abraham), the beloved man of



Allah.' Then Ibrahim (ﷺ) when approached, will say: `I am not the one to do that, for I was only a friend; and that is not a lofty status but ask Musa (Moses) to whom Allah spoke.' They will then go to Musa (繼) but he will say: `I am not the one to do that; go to `Isa (Jesus), Allah's Word and spirit.' `Isa (ﷺ) will say: `I am not the one to do that.' So they will come to me; and I will stand and be given permission. Amanah and ties of relationship will be sent forth and will stand on the sides of the Sirat (that is, the Bridge set over Hellfire) right and left, and the first of you will pass like lightning." I said (that is Abu Hurairah (May Allah be pleased with him)": I ransom you with my father and mother, what is like the movement of lightning?" The Messenger of Allah replied, "Have you not seen how the lightning goes and returns in the twinkling of an eye? Next (group will pass) like the passing of the breeze, next like the passing of a bird, and the next with the speed of a running man, according to the quality of their deeds. (During all this time) your Prophet (ﷺ) will remain standing on the Bridge saying: `O my Rubb, keep (them) safe, keep (them) safe,' till men's deeds are so weak that a man comes who will be able only to crawl. On both sides of the Bridge pronged flesh hooks, placed under command will be hung and will seize those about whom they receive command, some people being lacerated and escaping and others being thrown violently into Hell." Abu Hurairah added: By Him in Whose Hand Abu Hurairah's soul is, the pit of Jahannam (Hell) is seventy years in depth.

[Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩১৯৯, মুসলিম ১৯৫, তিরমিযী ২১৮৬, ৩২২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন